

নম্বর 202.81

নির্বাহী আদেশ

আইনের সাময়িক স্থগিতাদেশ এবং সংশোধন অব্যাহত রাখা
সাময়িক স্থগিতাদেশ ও পরিবর্তন অব্যাহত রাখা

যেখানে, 7 মার্চ 2020 তারিখে আমি সম্পূর্ণ নিউ ইয়র্ক স্টেট জুড়ে স্টেটের দুর্যোগকালীন জরুরি অবস্থার কথা ঘোষণা করে নির্বাহী আদেশ নম্বর 202 জারি করি; এবং

যেখানে, COVID-19 এর ভ্রমণ সংশ্লিষ্ট ঘটনা এবং সম্প্রদায়ের সংস্পর্শজনিত সংক্রমণ, উভয়ই নিউ ইয়র্ক স্টেটে নথিভুক্ত করা হয়েছে এবং তা আরো চলতে পারে বলে প্রত্যাশা করা হচ্ছে;

সুতরাং, এখন আমি, নিউ ইয়র্ক স্টেটের গভর্নর, অ্যান্ড্রু এম. কুওমো, নির্বাহী আইনের আর্টিকেল 2-B-এর সেকশন 29-a এর অধীনে আমার উপর ন্যস্ত কর্তব্য পালনের কর্তৃত্বের দ্বারা স্টেটের দুর্যোগকালীন জরুরি অবস্থার সময় যেকোনো সংস্কার যেকোনো আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা প্রবিধান বা এর অংশগুলো সাময়িকভাবে স্থগিত বা সংশোধন করতে পারি, যদি এই জাতীয় আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা প্রবিধান মেনে চললে তা দুর্যোগকালীন জরুরি পরিস্থিতি মোকাবেলায় প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার ক্ষেত্রে বাধা সৃষ্টি করে বা বিলম্বিত করে বা প্রয়োজনে এই ধরনের দুর্যোগ মোকাবেলায় সহায়তা বা সহযোগিতা করার জন্য প্রয়োজন হলে সাময়িকভাবে স্থগিত বা সংশোধন করতে পারি, অতএব, আমি এতদ্বারা আইনের সকল স্থগিতাদেশ এবং পরিবর্তন, এবং সেই সকল নির্দেশ যা কার্যনির্বাহী আদেশ 202.22 থেকে 202.26, 202.32, 202.33, 202.34, 202.35, 202.44, 202.45, 202.53, 202.57, 202.64 এবং 202.69-তে উল্লিখিত নির্দেশগুলি, যেমন নির্বাহী আদেশ 202.75 এবং নির্বাহী আদেশ 202.74 তে অব্যাহত রাখা এবং উল্লিখিত, সেগুলি 10 জানুয়ারী 2021 পর্যন্ত আরো ত্রিশ দিনের জন্য অব্যাহত এবং অপরিবর্তিত রাখছি, এবং আমি এতদ্বারা নিম্নলিখিতগুলি সাময়িকভাবে স্থগিত রাখছি বা পরিবর্তিত করছি এই নির্বাহী দেশের তারিখ থেকে 10 জানুয়ারী 2021 পর্যন্ত:

- রেসিং, পারি-মুটুয়েল বাজি এবং প্রজনন আইনের ধারা 221-a গেমিং কমিশনগুলিকে জরুরি আদেশ দ্বারা সরকারী বন্ধের আদেশের ফলে রেসের তারিখ বাতিলের কারণে জকিদের স্বাস্থ্য বীমার জন্য যোগ্যতা অর্জনের মান হ্রাস করার জন্য অনুমতি দেওয়া হয়েছে, প্রয়োজনীয়তা অনুসারে;
- শিক্ষা আইনের 1951 সালের 2 নং ধারার অনুষ্টেদ এবং 2018-a ও 2018-b ধারা অনুযায়ী COVID-19-এর ভাইরাসে আক্রান্ত হওয়া এমন রোগগুলির মধ্যে অন্তর্ভুক্ত করা যার জন্য একটি অনুপস্থিত ব্যালটের অনুরোধ করা যাবে, যতদূর প্রয়োজনীয়;

উপরন্তু, দুর্যোগ মোকাবেলা করার জন্য প্রয়োজনীয় দুর্যোগকালীন জরুরি সময়ে কোনো নির্দেশ জারি করার জন্য নির্বাহী আইনের অনুষ্টেদ 2-B এর 29-a সেকশন অনুযায়ী আমার উপর ন্যস্ত কর্তৃত্বের ক্ষমতা দ্বারা, আমি

এই নির্বাহী আদেশের তারিখ থেকে 10 জানুয়ারী 2021 সময়কালের জন্য নিম্নলিখিত নির্দেশগুলি ইস্যু, পরিবর্তন এবং অব্যাহত করছি:

- নির্বাহী আদেশ 202.48 এ উল্লিখিত নির্দেশিকা, যা 202.28 সালে নির্বাহী আদেশের নির্দেশিকা পরিবর্তন করেছে যা নির্বাহী আদেশ 202.75 দ্বারা অব্যাহত ছিল, যা ভাড়া পরিশোধ না করার জন্য কোন বাণিজ্যিক ভাড়াটেকে উচ্ছেদ বা উচ্ছেদের প্রক্রিয়া শুরু করা বা কোন বাণিজ্যিক বন্ধকের ফোরক্লোজার নিষিদ্ধ করে 31 জানুয়ারী 2021 পর্যন্ত অব্যাহত রাখে।
- নির্বাহী আদেশ 202.30-এ অব্যাহত নির্দেশিকাটি যা নির্বাহী আদেশ 202.79 এ রয়েছে, সেটিকে 28 অনুচ্ছেদের জেনারেল হাসপাতালকে এমন রোগীকে ডিসচার্জ করার অনুমতি দেয়, যে রোগীর COVID-19 পরীক্ষায় নেতিবাচক ফলাফল আসেনি, যদি এই ধরনের রোগী সেন্টারস ফর ডিজিজ কন্ট্রলের নীতিমালা অনুযায়ী সংক্রামক সময় অতিক্রান্ত করে থাকে, এমন একটি ফ্যাসিলিটিতে যাতে কেবল COVID-19 পজিটিভ রোগী থাকে এবং যদি ফ্যাসিলিটিটি প্রমাণ করতে সক্ষম হয় যে সেটি এইরূপ রোগীদের যথাযথ দেখভাল করতে পারবে।
- নির্বাহী আদেশ 202.61-এ জারি করা এবং 202.79 তে জারি রাখা নির্দেশিকাটি সোমবার 14 ডিসেম্বর, 2020 তারিখে নিউ ইয়র্ক শহরের অভ্যন্তরে ইনডোর ডাইনিং-এর অনুমোদন স্থগিত করার জন্য সংশোধন করা হয়েছে।
- নির্বাহী আদেশ 202.68-এ যে নির্দেশিকা রয়েছে তা স্বাস্থ্য দপ্তর (Department of Health, DOH) কে COVID-19 এর ক্লাস্টার ভিত্তিক কেস অনুযায়ী রাজ্যের বিভিন্ন এলাকা নির্ধারণ করতে হবে যেখানে অতিরিক্ত জনস্বাস্থ্যের উপর নিষেধাজ্ঞা আরোপ করা প্রয়োজন, তা পরিবর্তিত হয়েছে যা 14 ডিসেম্বর, 2020 থেকে কার্যকর হবে, যার ফলে DOH এর নির্ধারিত "অরেঞ্জ জোন" এলাকায় জিম এবং ফিটনেস সেন্টারসমূহ 25% ক্ষমতায় 14 ডিসেম্বর, 2020 থেকে চালু রাখা যাবে যদি তারা DOH এর নীতিমালা কঠোরভাবে অনুসরণ করে। বারবার, হেয়ার সেলুন, স্পা, ট্যাটু বা পিয়ার্সিং পার্লার, নেইল টেকনিশিয়ান এবং নেইল সেলুন, কসমেটোলজিস্ট, এসথেটিশিয়ান লেজার চুল অপসারণ এবং ইলেক্ট্রোলাইসিস, এবং স্বাস্থ্য বিভাগ কর্তৃক নির্ধারিত "অরেঞ্জ জোন" ভৌগোলিক এলাকার মধ্যে অবস্থিত অন্যান্য সকল ব্যক্তিগত যত্ন সেবা 14 ডিসেম্বর, 2020 থেকে চালু রাখা যাবে যদি তারা DOH এর নীতিমালা কঠোরভাবে অনুসরণ করে যার ফলে গ্রাহকদের উপর সরাসরি বা গ্রাহকদের কাছে সেবা প্রদানকরা কর্মীরা প্রতি সপ্তাহে COVID-19 ডায়াগনস্টিক পরীক্ষা পান এবং কোন কর্মচারী প্রথম 7 দিনের মধ্যে একটি নেতিবাচক COVID-19 পরীক্ষার ফলাফল না পেয়ে পুনরায় খোলা ব্যবসায় এই ধরনের কোন সেবা প্রদান করে না।

আমার স্বহস্তে এবং অ্যালবেনি শহরে স্টেটের নিজস্ব

সিলমোহর সহ দুই হাজার বিশ সালের

ডিসেম্বর মাসের এগারোতম দিনে এটি প্রদান

করা হল।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব